**AKASHVANI KOLKATA**
**Regional News Unit**

**Date: 05.07.2026** **Desk in Charge: Susmita M.**
**Time: 01:30PM** **Edit.: SHREJIT M./ARKA S.**
**DEO: KB** **NRT: SHREJIT M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল ইন্দোনেশিয়া সফর শুরু করবেন। #দু'দেশের মধ্যে বেশ কিছু ক্ষেত্রে সমঝোতা স্মারক সাক্ষরিত হওয়ার কথা। #বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ইন্দোনেশিয়া সফরের শতবর্ষ পূর্তিতে বিশেষ অনুষ্ঠানের আয়োজন চলেছে বলে জানালেন সেদেশে নিযুক্ত ভারতের রাষ্ট্রদূত সন্দীপ চক্রবর্তী।

২) প্রাকৃতিক গ্যাস সরবরাহে আপতকালীন বিধি নিষেধ প্রত্যাহার কেন্দ্রীয় সরকারের।

৩) ভারতের পৌরোহিত্যে ব্রিকস উইমেন ওয়ার্কিং গ্রুপের বৈঠক আগামীকাল কোচিতে শুরু হচ্ছে।

৪) আগামী বিশে জুলাই শুরু হচ্ছে সংসদের বাদল অধিবেশন।

৫) দেশের বেশীরভাগ অংশে আগামী কয়েকদিন ভারী বর্ষণের পূর্বাভাস।

৬) ফুটবল বিশ্বকাপে আজ ব্রাজিল, নরওয়ের বিরুদ্ধে খেলবে। #শেষ আটে পৌঁছলো মরোক্ক, ফ্রান্স।

৭) মহিলাদের টি-টোয়েন্টি ক্রিকেট বিশ্বকাপে আজ অস্ট্রেলিয়া, ইংল্যান্ডের মুখোমুখি।

****************************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল থেকে ইন্দোনেশিয়া সফর শুরু করবেন। জাকার্তায় আকাশবাণীকে দেওয়া এক সাক্ষাৎকারে ইন্দোনেশিয়ায় নিযুক্ত ভারতের রাষ্ট্রদূত সন্দীপ চক্রবর্তী বলেন, ৬ থেকে ৮ই জুলাই পর্যন্ত প্রধানমন্ত্রীর এই সফরে ভারত ও ইন্দোনেশিয়ার মধ্যে সহযোগিতার বেশ কিছু নতুন ক্ষেত্র তৈরি হবে এবং দুই দেশের মধ্যে অর্থনৈতিক সম্পর্ক আরও গভীর হবে।

এই সফরের ফলে দুই দেশের প্রতিরক্ষা ও নিরাপত্তা, বিনিয়োগ, অর্থনৈতিক সম্পৃক্ততা, পরিকাঠামো উন্নয়ন, বন্দর, উন্নত যোগাযোগ ব্যবস্থা, ওষুধ শিল্প, স্বাস্থ্যসেবা এবং শিক্ষা বিষয়ক আদান-প্রদানের ক্ষেত্রে নিশ্চিতভাবেই ইতিবাচক প্রভাব পড়বে বলে মন্তব্য করেন রাষ্ট্রদূত। তিনি আরো জানান, এই সফরকালে সামুদ্রিক নিরাপত্তা থেকে শুরু করে মহাকাশ সহযোগিতা এবং বিজ্ঞান ও প্রযুক্তির মতো বিভিন্ন ক্ষেত্রে চুক্তি ও সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হওয়ার কথা রয়েছে।

রবীন্দ্রনাথ ঠাকুরের ইন্দোনেশিয়া সফরের শতবর্ষ উপলক্ষ্যে সেদেশে ১৫ মাসব্যাপী বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। জাকার্তায়, আকাশবাণীর সংবাদদাতা সন্দীপন দাশগুপ্তের সঙ্গে এক সাক্ষাৎকারে রাষ্ট্রদূত সন্দীপ চক্রবর্তী এ বিষয়ে জানান-

( বাইট- সন্দীপ চক্রবর্তী )

******************************

কেন্দ্রীয় সরকার প্রাকৃতিক গ্যাস সরবরাহে আপৎকালীন বিধিনিষেধ প্রত্যাহার করেছে। পশ্চিম এশিয়ায় যুদ্ধবিরতির পর হরমুজ প্রণালী দিয়ে তরলীকৃত প্রাকৃতিক গ্যাস 'LNG' পরিবহন পুনরায় শুরু হওয়ায় এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রক এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে, ‘ন্যাচারাল গ্যাস (সাপ্লাই রেগুলেশন) অর্ডার, ২০২৬’ সংশোধন করা হয়েছে।

উল্লেখ্য, চলতি বছরের মার্চ মাসে হরমুজ প্রণালী দিয়ে LNG পরিবহনে বিঘ্ন ঘটায় ‘এসেনশিয়াল কমোডিটিস অ্যাক্ট’ বা অত্যাবশ্যকীয় পণ্য আইনের অধীনে এই জরুরি আদেশ জারি করা হয়েছিল।

*****************************

ভুটান, ভারত থেকে E-20 পেট্রোল আমদানির প্রস্তাব প্রত্যাখ্যান করেছে, সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়া এমন দাবি খারিজ করে দিয়েছে কেন্দ্রীয় পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রক। তারা স্পষ্ট জানিয়েছে, এই খবরগুলি সম্পূর্ণ ভুল এবং তেল বিপণনকারী কোম্পানিগুলোর (OMCs) পক্ষ থেকে এমন কোনো প্রস্তাব দেওয়াই হয়নি। বর্তমানে ভুটানে E20 পেট্রোল রপ্তানি করার কোনো পরিকল্পনা বা প্রস্তাব এই মুহূর্তে নেই। এ ধরনের বিভ্রান্তি এড়াতে মন্ত্রক নাগরিকদের কেবল মন্ত্রক এবং তেল বিপণনকারী কোম্পানিগুলোর অফিসিয়াল তথ্যের ওপর ভরসা রাখার আহ্বান জানিয়েছে।

*****************************

ভারতের পৌরোহিত্যে আগামীকাল কেরালার কোচিতে দুদিনব্যাপী ব্রিকস উইমেন ওয়ার্কিং গ্রুপের বৈঠক অনুষ্ঠিত হতে চলেছে। নারী ও শিশু উন্নয়ন মন্ত্রক জানিয়েছে , ব্রিকস সদস্য দেশগুলোর প্রবীণ সরকারি আধিকারিকরা এই বৈঠকে অংশ নেবেন। তারা বিভিন্ন ক্ষেত্রে মহিলাদের ক্ষমতায়ন ও তাদের নেতৃত্বে উন্নয়ন সংক্রান্ত বিষয়ে গুরুত্বপূর্ণ আলোচনা করবেন।

একাধিক গুরুত্বপূর্ণ ক্ষেত্রে সহযোগিতা আরো জোরদার করার বিষয়ে মত বিনিময় করবেন। মূলত চারটি গুরুত্বপূর্ণ বিষয়কে অগ্রাধিকার দেওয়া হবে সেগুলি হল প্রশাসন ও নেতৃত্বে মহিলাদের অংশগ্রহণ, মহিলাদের ডিজিটাল ও অর্থনৈতিক অন্তর্ভুক্তিকরণ, দক্ষতা উন্নয়ন এবং জলবায়ু পরিবর্তনে নিরাপত্তা ও পুষ্টির ক্ষেত্রে মহিলাদের ভূমিকা।

*****************************

সংসদের বাদল অধিবেশন শুরু হচ্ছে আগামী বিশে জুলাই। চলবে আগস্টের ১৩ তারিখ পর্যন্ত। সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু গতকাল জানিয়েছেন, এই অধিবেশনে জাতীয় গুরুত্বসম্পন্ন বিষয়গুলোর ওপর অর্থবহ বিতর্ক, আলোচনা ও সিদ্ধান্তের ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হবে। বেশ কিছু গুরুত্বপূর্ণ বিলও এবার অধিবেশনে আনা হতে পারে বলে মনে করা হচ্ছে।

*****************************

সমাজমাধ্যম ইনস্টাগ্রামে, শিশুদের যৌন শোষণ ও নিগ্রহ সংক্রান্ত বিষয়বস্তু থাকা সব ধরণের বিজ্ঞাপন অবিলম্বে বন্ধের বিষয়ে সরকার, মেটা-কে কঠোর নির্দেশ দিয়েছে। বৈদ্যুতিন ও তথ্যপ্রযুক্তি মন্ত্রক মেটা-র কাছে সাত দিনের মধ্যে এ বিষয়ে বিস্তারিত ব্যাখ্যা তলব করেছে।

প্ল্যাটফর্মটি ভারতের 'ইন্টারমিডিয়ারি সেফটি গাইডলাইনস' বা মধ্যস্থতাকারী সংক্রান্ত নিরাপত্তা নির্দেশিকা মেনে চলেছে কি না, সরকার তা খতিয়ে দেখছে। ভারতের ডিজিটাল আইন অনুযায়ী, পর্নোগ্রাফি এবং শিশু যৌন নিগ্রহ সংক্রান্ত বিষয়বস্তু ছড়িয়ে দেওয়া একটি ফৌজদারি অপরাধ।

*******************************

'বিকশিত ভারত-গ্যারান্টি ফর রোজগার অ্যান্ড আজীবিকা মিশন (গ্রামীণ)' বা 'ভিবি-জি রাম জি' (VB-G RAM G) আইন, ২০২৫ চলতি মাসের ১ তারিখ থেকে সফলভাবে কার্যকর হয়েছে বলে কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রী শিবরাজ সিং চৌহান জানিয়েছেন। ভিডিও কনফারেন্সের মাধ্যমে আজ শ্রী সিং এই প্রকল্পের আওতায় বিভিন্ন রাজ্যের জন্য ২৫ হাজার কোটি টাকার সহায়তা অনুমোদন করেছেন। শ্রী চৌহান জানান, 'মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ কর্মসংস্থান নিশ্চয়তা প্রকল্প'-MGNREGA-র উত্তরসূরি হিসেবে 'ভিবি-জি রাম জি' প্রকল্প সফলভাবে যাত্রা শুরু করেছে। তিনি উল্লেখ করেন, এমজিএনআরইজিএ (MGNREGA) বাস্তবায়নে তিন বছরেরও বেশি সময় লেগেছিল, অথচ 'ভিবি-জি রাম জি' সারা দেশে মাত্র একদিনেই কার্যকর করা সম্ভব হয়েছে। শ্রী চৌহান জানান, 'বিকশিত ভারত'-এর লক্ষ্যকে ত্বরান্বিত করতে আগামী পাঁচ বছরে এই আইনের আওতায় ২ লক্ষ ৮৬ হাজার পঞ্চায়েত এলাকায় ৭ লক্ষ ৫ হাজার কোটি টাকারও বেশি বিনিয়োগ করা হবে।

( বাইট-শিবরাজ )

*******************************

ভারতের আবহাওয়া দপ্তর IMD জানিয়েছে, আগামী কয়েক দিন ধরে দেশের বিস্তীর্ণ অঞ্চলে মৌসুমি বায়ুজনিত ভারী বৃষ্টিপাত অব্যাহত থাকবে। আইএমডি-র মতে, উত্তর-

পশ্চিম বঙ্গোপসাগরে সৃষ্ট একটি সুস্পষ্ট নিম্নচাপ বলয়ের প্রভাবে আগামী চার থেকে পাঁচ দিন মধ্য ভারত জুড়ে মৌসুমি বায়ু সক্রিয় থাকার সম্ভাবনা রয়েছে। আগামী চার দিনের মধ্যে দক্ষিণ-পশ্চিম মৌসুমি বায়ু হরিয়ানা, পাঞ্জাব ও রাজস্থানের অবশিষ্ট অংশ এবং গুজরাট ও উত্তর আরব সাগরের কিছু অংশে অগ্রসর হতে পারে। আবহাওয়া দপ্তর কোঙ্কন, গুজরাট অঞ্চল, মধ্য মহারাষ্ট্র, সৌরাষ্ট্র, ওড়িশা এবং পশ্চিম মধ্যপ্রদেশে কোথাও কোথাও অত্যন্ত ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস দিয়েছে। মহারাষ্ট্রের মুম্বাই ও সংলগ্ন এলাকায় অবিরাম বৃষ্টির ফলে জলমগ্ন পরিস্থিতি, যানজট এবং লোকাল ট্রেন পরিষেবায় বিঘ্ন ঘটেছে। আইএমডি 'রেড অ্যালার্ট' বা সর্বোচ্চ সতর্কবার্তা জারি করার পর বৃহন্মুম্বাই মিউনিসিপ্যাল কর্পোরেশন বিএমসি স্কুল ও কলেজগুলিতে ছুটি ঘোষণা করেছে। মহারাষ্ট্র, ওড়িশা, পশ্চিমবঙ্গ এবং কেরালার কিছু অংশের জন্যও রেড অ্যালার্ট জারি করা হয়েছে। বঙ্গোপসাগরে সৃষ্ট নিম্নচাপ আরও শক্তিশালী হয়ে ব্যাপক ভারী বৃষ্টিপাত ও উত্তাল সমুদ্র পরিস্থিতি তৈরি করতে পারে—এই আশঙ্কায় ওড়িশা ও পশ্চিমবঙ্গকে সতর্ক করা হয়েছে।

******************************

সরকার 'পেঁয়াজ সংগ্রহের মূল্য ১৩ শতাংশ বৃদ্ধি করেছে; এর ফলে প্রতি কুইন্টাল পেঁয়াজের ক্রয়মূল্য ১,৮৭৫ টাকা থেকে বেড়ে ২,১২৫ টাকা হয়েছে। উপভোক্তা বিষয়ক, খাদ্য ও গণবণ্টন মন্ত্রক জানিয়েছে যে, এই সংশোধিত ক্রয়মূল্য পেঁয়াজ চাষিদের জন্য ভালো আয়ের নিশ্চয়তা দেবে এবং একইসঙ্গে মজুত গড়ে তোলার প্রক্রিয়াকে সহায়তা করবে। মূল্য স্থিতীশীল করার জন্য 'ন্যাশনাল এগ্রিকালচারাল কো-অপারেটিভ মার্কেটিং ফেডারেশন অফ ইন্ডিয়া লিমিটেড' ন্যাফেড এবং 'ন্যাশনাল কো-অপারেটিভ কনজিউমারস ফেডারেশন অফ ইন্ডিয়া লিমিটেড' এনসিসিএফের- মাধ্যমে পেঁয়াজ সংগ্রহের কাজ চলছে।

কৃষি ও কৃষক কল্যাণ বিভাগের ২০২৫-২৬ সালের দ্বিতীয় অগ্রিম হিসাব অনুযায়ী, পেঁয়াজ উৎপাদনের পরিমাণ ৩০৭ লক্ষ মেট্রিক টনেরও বেশি হবে বলে ধারণা করা হচ্ছে। মন্ত্রক জানিয়েছে যে, মহারাষ্ট্র, মধ্যপ্রদেশ এবং গুজরাটে বর্তমানে পেঁয়াজের মজুত পর্যাপ্ত রয়েছে এবং এই মুহূর্তে মজুত পেঁয়াজের কোনো ঘাটতির ইঙ্গিত পাওয়া যাচ্ছে না। সারা দেশে পেঁয়াজের গড় খুচরা মূল্য প্রতি কিলোগ্রামে ৩১ টাকা। পেঁয়াজ

রপ্তানির পরিস্থিতিও স্বাভাবিক রয়েছে। চলতি বছরের জুন মাসে প্রায় ১ লক্ষ ৫০ হাজার মেট্রিক টন পেঁয়াজ রপ্তানি করা হয়েছে।

*****************************

ডক্টর শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের জন্মদিবস পালন অনুষ্ঠানে যোগ দিতে, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আগামীকাল রাজ্যে আসছেন। সরকারি সূত্রে জানা গেছে, দুপুরে কলকাতা পৌঁছে তিনি, ভবানীপুরে শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের পৈত্রিক বাসভবনে তাঁর প্রতি শ্রদ্ধা জানাবেন। এরপর শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের ১২৫ ফুট মূর্তি নির্মাণের জন্য ভূমিপূজো অনুষ্ঠানে যোগ দেবেন তিনি। বিশ্ববাংলা মেলা প্রাঙ্গণে রাজ্যস্তরের একটি অনুষ্ঠানে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রীর যোগ দেবার কথা।

রাজ্য বিজেপি সভাপতি শমীক ভট্টাচার্য জানিয়েছেন, রাজ্য জুড়ে দিনটি যথাযোগ্য মর্যাদায় পালন করা হবে। তিনি বলেন, শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের মাটিতে বিজেপি এই প্রথম সরকার গঠন করেছে। তাই এই জন্মদিন পালন নিঃসন্দেহে ঐতিহাসিক।

*****************************

ছত্তিশগড়ের প্রখ্যাত 'পান্ডবানি' শিল্পী ও পদ্মবিভূষণ তীজান বাই প্রয়াত। তিনি দীর্ঘদিন ধরে অসুস্থ অবস্থায় এইমস রায়পুরে চিকিৎসাধীন ছিলেন। আজ ভোর ৩ টে ১৫ নাগাদ তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। নিজের বলিষ্ঠ কণ্ঠস্বর, মঞ্চে জোরালো উপস্থিতি এবং বর্ণনার অনন্য শৈলীর মাধ্যমে তীজান বাই, পান্ডবানিকে কেবল ভারতেই নয়, বরং আন্তর্জাতিক ক্ষেত্রেও এক নতুন পরিচিতি এনে দিয়েছিলেন। মঞ্চে মহাভারতের কাহিনিগুলোকে জীবন্ত করে তোলার অসাধারণ ক্ষমতার কারণে তিনি ভারতীয় লোকসংস্কৃতির অন্যতম শ্রেষ্ঠ শিল্পী হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করেছিলেন। তাঁর প্রয়াণে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী শোক প্রকাশ করেছেন।

*****************************

বিশ্বকাপ ফুটবলে, আজ রাতে পাঁচবারের বিশ্ব চ্যাম্পিয়ন ব্রাজিল, নরওয়ের বিরুদ্ধে খেলবে। নিউ জার্সি স্টেডিয়ামে খেলা শুরু হবে ভারতীয় সময় রাত দেড়টায়। ম্যাচে ব্রাজিলের তারকা ফুটবলার নেইমার খেলবেন কিনা নিশ্চিত নয়। এর পাশাপাশি, লুকাস

পাকেতা ও রাফিনহার চোট রয়েছে এবং ক্যাসেমিরোর খেলার সম্ভাবনা কম বলে জানা গেছে। নরওয়ে ১৯৯৮ সালের পর এই প্রথম রাউন্ড অফ সিক্সটিনে উঠেছে।

অন্যদিকে, গতরাতের খেলায়, ফ্রান্স ও মরক্কো কোয়ার্টার ফাইনালে উঠেছে। **রাউন্ড অফ সিক্সটিনের খেলায়, গতরাতে, ফ্রান্স ১-০ গোলে প্যারাগুয়েকে হারিয়ে** দেয়। ফ্রান্সের হয়ে পেনাল্টি থেকে ৭০ মিনিটে গোল করেন কিলিয়ান এমবাপে। এই গোলের ফলে আবারও এমবাপে চলতি বিশ্বকাপে গোল সংখ্যার নিরিখে, আর্জেন্টিনার তারকা ফুটবলার লিওনেল মেসির সঙ্গে যুগ্মভাবে প্রথম স্থানে উঠে এলেন। চলতি বিশ্বকাপে উভয়েরই গোলসংখ্যা ৭। **অন্য ম্যাচে, মরক্কো, কানাডাকে ৩-০** গোলে হারিয়ে দিয়েছে। মরক্কোর হয়ে ৫০ ও ৮২ মিনিটে জোড়া গোল করেন আজ্জেদিন ঔনাহি এবং দ্বিতীয়ার্ধের সংযুক্ত সময়ে একটি গোল করেন সৌফিয়ানে রহিমি। কোয়ার্টার ফাইনালে ফ্রান্স, মরক্কোর বিরুদ্ধে খেলবে।

********************************

লর্ডসে মহিলাদের T-20 ক্রিকেট বিশ্বকাপের ফাইনালে আজ অস্ট্রেলিয়া-ইংল্যান্ডের বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে ভারতীয় সময় রাত আটটায়। দুই দলই টুর্নামেন্টে অপরাজিত। অস্ট্রেলিয়া সেমিফাইনালে, ওয়েস্ট ইন্ডিজকে ৮ উইকেটে হারিয়ে ও ইংল্যান্ড সেমিফাইনালে দক্ষিণ আফ্রিকাকে ৪০ রানে হারিয়ে ফাইনালে পৌঁছেছে। এই নিয়ে চতুর্থবার মহিলাদের T-20 বিশ্বকাপের ফাইনালে মুখোমুখি হচ্ছে এই দুই দল।

********************************

ক্রোয়েশিয়ায় অনুষ্ঠিত 'গ্র্যান্ড চেস ট্যুর'-এ ব্লিৎজ (blitz) পর্বের শুরুতেই ভারতের গ্র্যান্ডমাস্টার আর প্রজ্ঞানন্দ চতুর্থ স্থানে পিছিয়ে গেছেন। তিনি প্রথম নয়টি ব্লিৎজ রাউন্ড থেকে সাড়ে তিন পয়েন্ট সংগ্রহ করতে সক্ষম হন, যার ফলে তাঁর মোট পয়েন্ট দাঁড়িয়েছে সাড়ে পনেরো। অন্যদিকে, ফ্রান্সের আলিরেজা ফিরোজা নয়টি খেলায় আট পয়েন্ট অর্জন করে, মোট ২০ পয়েন্ট নিয়ে শীর্ষস্থানে রয়েছেন। উজবেকিস্তানের নোডিরবেক আব্দুসাত্তোরভ এবং ফ্রান্সের ম্যাক্সিম ভাশিয়ে-লাগ্রাভ ১৭ পয়েন্ট করে পেয়ে যৌথভাবে রয়েছেন দ্বিতীয় স্থানে। বিশ্ব চ্যাম্পিয়ন ডি গুকেশ ১৪ পয়েন্ট নিয়ে পঞ্চম স্থানে রয়েছেন।

*****************************

উইম্বলডন টেনিস প্রতিযোগিতায়, পুরুষদের সিঙ্গেলসের, শেষ ষোলোয় আজ সার্বিয়ার নোভাক জোকোভিচ মুখোমুখি হবেন রোমান সাফিউলিনের। এছাড়া, ইতালির শীর্ষ বাছাই ইয়ানিক সিনার লড়বেন জাপানের শিন্তারো মোচিদুজুকির বিপক্ষে।

মহিলাদের সিঙ্গেলসের শেষ ষোলোয় শীর্ষ বাছাই আরিনা সাবালেঙ্কা, জাপানের নাওমি ওসাকার মুখোমুখি হবেন।

এদিকে, গতকাল বেলজিয়ামের এলিস মার্টেনস, তৃতীয় রাউন্ডে কাজাখস্তানের দ্বিতীয় বাছাই এলেনা রিবাকিনাকে ৭-৬, ৬-১ সেটে পরাজিত করে মহিলা সিঙ্গেলসের শেষ ষোলোয় উঠেছেন। অন্য দিকে, ফিলিপিন্সের আলেকজান্দ্রা এলা, তৃতীয় রাউন্ডে পোল্যান্ডের তৃতীয় বাছাই ইগা সোয়াতেককে ৭-৬, ৬-২ সেটে হারিয়ে শেষ ষোলোয় পৌঁছেছেন।

পুরুষদের সিঙ্গেলসে, জার্মানির দ্বিতীয় বাছাই আলেকজান্ডার জভেরেভ, তৃতীয় রাউন্ডের ম্যাচে যুক্তরাষ্ট্রের মার্কোস গিরনকে ৬-২, ৭-৬, ৬-৪ স্ট্রেট সেটে হারিয়ে চতুর্থ রাউন্ডে পৌঁছেছেন।

*************************************************************************